

নিয়ম ও শর্তাবলি

আমি/আমরা (এই ক্ষেত্রে "আমি/আমরা", "আমার/আমাদের" ও "আমাকে/আমাদেরকে" বলতে সমস্ত অ্যাকাউন্ট-ধারককে বোঝাবে) নিম্নলিখিত নিয়ম ও শর্তাবলি পড়েছি ও বুঝতে পেরেছি এবং এ-ও বুঝতে পেরেছি যে, নিয়ম ও শর্তাবলিতে কোনও পরিবর্তন হলে তা www.axisbank.com ওয়েবসাইট থেকেই জানতে পারা যাবে।

অ্যাকাউন্ট খোলা/পরিষেবা ব্যবস্থা: অ্যাকাউন্ট খোলা সহ সমস্ত পরিষেবাই আমার দেওয়া তথ্য/নথির যাচাই সাপেক্ষ। যদি এই অ্যাকাউন্ট খোলা না-হয়, এবং আমি/আমরা যদি এই অ্যাকাউন্টের জন্য প্রাথমিক ভাবে ₹20,000 বা তার বেশি নগদ জমা করে থাকি, তাহলে সেই অর্থ শুধুমাত্র ডিডি/চেক বা পিও হিসাবে ফেরত পেয়ে যাব। পাকিস্তানের কোনও সত্তা তাদের প্রোজেক্ট অফিস অ্যাকাউন্টের জন্য অ্যাকাউন্ট খুলতে চাইলে আরবিআই-এর অনুমোদন লাগবে, বর্তমান কাস্টমার আইডি: **বর্তমান গ্রাহকরা নিজেদের কাস্টমার আইডি না-জানিয়ে নতুন গ্রাহক হিসাবে আবেদন জানালে ব্যাঙ্কের সেই ক্ষেত্রে এই অধিকার আছে যে তারা আমাকে আগাম না-জানিয়ে কাস্টমার আইডি-গুলিকে একত্রিত করে রাখতে পারবে, যদি তারা তেমন সিদ্ধান্ত নিয়ে থাকে পরিষেবাসমূহ:**

সেবা: অ্যাক্সিস ব্যাঙ্ক সমস্ত পরিষেবাই সর্বোত্তম প্রয়াসের ভিত্তিতে প্রদান করবে। আমাকে পরিষেবাসমূহের সম্পূর্ণ তালিকা যে দেওয়া হবে তা www.axisbank.com-এও দেওয়া থাকবে।

ফি ও চার্জ: আমার অ্যাকাউন্টের ক্ষেত্রে এবং আমি যেসব পরিষেবা গ্রহণ করব সেগুলির ক্ষেত্রে ফি ও চার্জ প্রযোজ্য হবে, যা বিস্তারিত ভাবে চার্জ-সূচিতে ও www.axisbank.com ওয়েবসাইটে উল্লেখ করা থাকবে। যখনই পণ্য ও পরিষেবা কর ও অন্যান্য বিধিবদ্ধ কর-মাসুল প্রযোজ্য হবে, তখনই সেগুলি সমস্ত ফি-র উপর আরোপ করা হবে।

ফি ও চার্জ ও পরিষেবায় পরিবর্তন: ফি ও চার্জ, পরিষেবা, বা সুদের হারে কোনও বদল হলে অথবা সেগুলি বন্ধ হয়ে গেলে অন্তত 30 দিন আগে আমাকে তা চিঠি/এসএমএস/ওয়েবসাইট/ই-মেল বা অন্যান্য উপায়ে জানিয়ে দেওয়া হবে।

অর্থ আদায়: ফি/চার্জ পরিশোধ করার মতন অর্থ অ্যাকাউন্টে না-থাকার ক্ষেত্রে আমি অ্যাক্সিস ব্যাঙ্ককে এই অধিকার দিলাম যে, তারা আমার অ্যাকাউন্টে উপলব্ধ ক্রেডিট থেকে, সেই সঙ্গে কোনও কালেকশন প্রক্রিয়া বা কোনও ডিপোজিটের মাধ্যমে আমার অ্যাকাউন্টে টাকা ঢুকলে সেখান থেকেও ফি/চার্জ কেটে নিতে পারবে।

অ্যাকাউন্ট ফ্রিজ: আমরা ব্যাঙ্ককে এই অধিকার দিলাম যে, তারা নিম্নলিখিত পরিস্থিতিগুলিতে আমার অ্যাকাউন্ট ফ্রিজ করে দিতে পারবে আমাকে জানিয়ে। তবে কিছু পরিস্থিতিতে উল্লেখ থাকা অনুযায়ী আমাকে জানানোর দরকার পড়বে না। ক. যদি ব্যাঙ্ক সন্দেহ করে যে, আমার অ্যাকাউন্টে যেসব নগদ, চেক, ডিডি জমা পড়ছে এবং এনইএফটি, আরটিজিএস পদ্ধতিতে অন্যান্য ডিপোজিট/লেনদেন হচ্ছে, সেগুলির ক্ষেত্রে বিভিন্ন সময়ে প্রযোজ্য আইন ও বিধি-নিয়ম মেনে চলা হচ্ছে না বা সেগুলিকে লঙ্ঘন করা হচ্ছে, তাহলে ব্যাঙ্ক সেই অ্যাকাউন্ট ফ্রিজ করে দিতে পারবে এবং সেই অ্যাকাউন্টে কোনও ডিপোজিট/লেনদেন হলে তার দায়/দায়িত্ব আমাদের উপর বর্তাবে। খ. যদি সন্দেহ করা হয় যে আমার অ্যাকাউন্টকে অপব্যবহার করে অন্যের টাকা অবৈধ ভাবে লেনদেন করা হচ্ছে বা একসঙ্গে অনেকের টাকা অবৈধ ভাবে আমার অ্যাকাউন্টে রাখা হচ্ছে বা

এই অ্যাকাউন্টকে অবৈধ কাজ-কর্মের মাধ্যম হিসাবে ব্যবহার করা হচ্ছে। (এই ক্ষেত্রে আমাকে অ্যাকাউন্ট ফ্রিজ হওয়ার কথা জানানো হবে না)।

অ্যাকাউন্ট বন্ধ হওয়া: আমি ব্যাঙ্ককে এই অধিকার প্রদান করছি যে, তারা আমাকে আগাম জানিয়ে আমার অ্যাকাউন্ট বন্ধ করে দিতে পারে। যদি: ক. 3 মাস বা তার বেশি সময় ধরে অ্যাকাউন্টে কোনও ব্যালেন্স না থাকে; খ. অ্যাকাউন্টে পর্যাপ্ত অর্থ না থাকার দরুন পেমেন্ট না-হওয়ার ঘটনা বহু বার ঘটলে; গ. এমনই অন্যান্য ঘটনার ক্ষেত্রে, যে-ব্যাপারে ব্যাঙ্ক সিদ্ধান্ত নিতে পারে বিভিন্ন সময় কোনও আদালত/বিধিবদ্ধ/ নিয়ামক কর্তৃপক্ষের দ্বারা জারি হওয়া/নির্দেশিত হওয়া কোনও রায়, আদেশ, নির্দেশ, নির্দেশিকা অনুসরণ করে।

লেনদেন: এই অ্যাকাউন্টের ক্ষেত্রে অ্যাক্সিস ব্যাঙ্ককে আমি আর্থিক/অন-আর্থিক এই উভয় প্রকার নির্দেশ (যেমন, চেক বই/কার্ড জারি করা, আর্থিক লেনদেন, ব্যক্তিগত তথ্য আপডেট করা ইত্যাদি) শুধুমাত্র অনুমোদিত পন্থার মাধ্যমেই দেব, যে-পন্থার কথা ব্যাঙ্কই উল্লেখ করে দেবে উক্ত সময়ে প্রচলিত নিয়ামক নির্দেশিকার ভিত্তিতে। অ্যাক্সিস ব্যাঙ্ক এমন কোনও নির্দেশ মেনে কাজ করবে না যা অনুমোদিত পন্থার মাধ্যমে আসেনি। তবে, ব্যাঙ্কের এই অধিকার আছে যে তারা বিশেষ পরিস্থিতিতে তেমন কোনও পরিষেবা দেওয়ার জন্য নিজের বিবেচনা অনুযায়ী কাজ করতে পারে।

চ্যানেল পরিষেবা: অনুমোদনহীন স্বাক্ষরকারী চ্যানেল পরিষেবার সুবিধা পেতে চাইলে তিনি অবশ্যই চ্যানেল রেজিস্ট্রেশন ফর্ম পূরণ করবেন এবং সেটি সহায়ক নথিপত্র সহ জমা দেবেন।

চেক বই: অ্যাকাউন্টে পর্যাপ্ত অর্থ না থাকার দরুন একটি অর্থ বছরে যদি 1 কোটি বা তার বেশি টাকার চেক ফেরত চলে যায় অথবা অ্যাকাউন্টে পর্যাপ্ত অর্থ না থাকার দরুন একটি ত্রৈমাসিকে 1 কোটি টাকার নীচের আটটি চেক ফেরত চলে যায়, তাহলে নতুন চেক বই জারি করা হবে না।

ডেবিট কার্ড: অ্যাক্সিস ব্যাঙ্ক যে-পরিষেবাগুলি প্রদান করে, সেগুলি নির্দিষ্ট নির্দেশিকা সাপেক্ষ এবং সেই নির্দেশিকাগুলি www.axisbank.com ওয়েবসাইটে দেওয়া আছে। পাসওয়ার্ড, পিন, বা আইডি/টিএফকানেস্ট ইত্যাদির মতন সংবেদনশীল তথ্য আমি অন্য কাউকে দেওয়ার ফলে কোনও প্রতারণার ঘটনা ঘটলে তার জন্য অ্যাক্সিস ব্যাঙ্ক দায়ী থাকবে না।